দৈনিক ইনকিলাব

৩২

তারিখ ... 04 JUL 1988 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

# কামিল পরীক্ষা চলাকালে আড়াই বস্তা নকল উদ্ধারঃ গাড়ী ভাংচুর

।। স্টাফ রিপোর্টার ।।

গতকাল (সোমবার) আলিয়া মাদ্রাসায় কামিল পরীক্ষা চলাকালে আড়াই বস্তা নকল উদ্ধারকে কেন্দ্র করে শিক্ষা মন্ত্রণালয়ের একটি গাড়ী ভাংচুর করা হয়।

মন্ত্রণালয়ের উপ-সচিব জনাব তাজুল ইসলাম খান লালবাগ থানায় লিখিতভাবে জানান, মন্ত্রীর পূর্ব অনুমতিক্রমে সকালে তিনি পরীক্ষা কেন্দ্র পরিদর্শনে যান। পরিদর্শনকালে কামিল পরীক্ষার্থীদের কাছ থেকে আড়াই বস্তা নকল উদ্ধার করা হয়। এ সময় মাদ্রাসার সামনে দাঁড়ানো একটি কোস্টার (সাস-৬৫-২৪৬৪) লক্ষ্য করে ককটেল বিস্ফোরণ ও ইট-পাটকেল নিক্ষেপ করে গাড়ীটি ভাংচুর করা হয়। এ ব্যাপারে লালবাগ থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।